# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১


স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-৭২/২০১৭/১৭৬৪২

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ ব.
০৮ জানুয়ারি ২০২৬ খ্রি.

বিষয়: বেতন ভাতা চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১. গভর্নিং বডির সভাপতি কর্তৃক আবেদন, স্মারক নং- জা.ফা.মা.চন্দ.চট্ট-৬৭/২৫, তারিখ: ০৪.১২.২০২৬খ্রি.

২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.০৪, তারিখ: ১৪.০১.২০২৫খ্রি.

৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ইআবি:/রেজি:/ প্রশা:/গভ:/২০২০/১৪৬৯৭, তারিখ: ২৭.০২.২০২৫খ্রি.

৪. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭০, তারিখ: ১৯.০৮.২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ জনাব মোহাম্মদ আব্দুল গফুর এর বিরুদ্ধে অভিযোগের তদন্ত/শুনানীর কার্যক্রম চলমান থাকায় সেক্ষেত্রে বেতন ভাতা প্রদানে কোন বাধা নেই এবং সূত্র ২, ৩ ও ৪ এ বর্ণিত অফিস আদেশ মোতাবেক বেতন ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

বর্ণনা মোতাবেক চার (০৪) পাতা।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৮/০১/২৬

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

প্রাপক
সভাপতি
জাফরাবাদ ফাজিল মাদরাসা
ডাকঘর: বৈলতলী, উপজেলা: চন্দনাইশ, জেলা: চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-৭২/২০১৭/১৭৬৪২ (৫) তারিখ: ০৮/০১/২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জাফরাবাদ ফাজিল মাদরাসা, চন্দনাইশ, চট্টগ্রাম।
২. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. জনাব মোহাম্মদ আব্দুল গফুর, অব্যাহতি প্রাপ্ত অধ্যক্ষ, জাফরাবাদ ফাজিল মাদরাসা, চন্দনাইশ, চট্টগ্রাম।
৪. আই.সি.টি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

০৮/০১/২০২৬

(ফাহাদ আহম্মদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০৫

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১৪৬৯৭

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ, হেনস্তা ও বেতন ভাতা প্রসঙ্গে।

সূত্র: ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রশাসন ও সংস্থাপন শাখার স্মারক: ৩৭.০০.০০.০০০০.০৬১.০১৮.১৬.২০১৬-১৯৯, তারিখ: ০৩.০৯.২০২৪ খ্রি.।
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বেসরকারি মাধ্যমিক-১ শাখার স্মারক: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.০৪, তারিখ: ১৪.০১.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করে ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৭.২.২৫
(মো: আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

প্রাপক
সভাপতি
গভর্নিং বডি/এডহক কমিটি/ট্রাস্ট কর্তৃক পরিচালিত
ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১৪৬৯৭(০৮)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জেলা প্রশাসক (সকল);
২. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল);
৩. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সকল ফাজিল ও কামিল মাদরাসা;
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৬. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৭. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৮. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

27.02.25
(মো: শাহ নেওয়াজ)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অডিট ও আইন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭০

**বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতাদি প্রদান নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতাদি অত্র অধিদপ্তর হতে নিয়মিত প্রদান করা হলেও কোন কোন ক্ষেত্রে কারণ ব্যতিরেকে প্রতিষ্ঠান প্রধান ও কমিটি কর্তৃক কর্মরত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতাদির সরকারি অংশ (এমপিও) প্রদান করা হচ্ছে না মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। বিধি অনুযায়ী এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতা শিক্ষক কর্মচারীদের প্রদান না করার এখতিয়ার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা কমিটিকে প্রদান করা হয়নি। এমনকি কোন শিক্ষক-কর্মচারীকে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত করা হলে তার খোরপোষ ভাতাও বন্ধ করা যাবে না।

২. কর্মরত শিক্ষক কর্মচারীর বেতন ভাতা প্রাপ্তি নিশ্চিত করার জন্য এমপিও নীতিমালায় স্বাক্ষরকারী এবং প্রতিস্বাক্ষরকারীর একাধিক বিকল্প রাখা হয়েছে। যেমন-সুপার/অধ্যক্ষ না থাকলে সহ:সুপার/উপাধ্যক্ষ এবং সহ:সুপার/উপাধাক্ষ্য না থাকলে জোষ্ঠ্য শিক্ষককে বেতন বিলে স্বাক্ষর এবং সভাপতির অনুপস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক/জেলা প্রশাসক কে প্রতিস্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হয়েছে। এতদসত্বেও কর্মরত শিক্ষক কর্মচারীর বেতন প্রদান না করা বিধিবহির্ভূত এবং অনভিপ্রেত। এছাড়াও কোন শিক্ষক -কর্মচারীকে সাময়িক বহিস্কার করা হলে তা সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মধ্যে নিস্পত্তি (বরখাস্ত আদেশ প্রত্যাহার বা স্থায়ী বরখাস্ত) করার বিধান রয়েছে যা প্রতিপালিত হচ্ছে না। প্রাতিষ্ঠানিক শৃংখলার সুবিধার্থে বর্ণিত বিধান প্রতিপালন অত্যন্ত জরুরি।

০৩. এমতাবস্থায়, প্রাতিষ্ঠানিক শৃংখলার সুবিধার্থে কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা প্রাপ্তি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এ নির্দেশনা প্রতিপালন না করলে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত)' অনুসারে প্রতিষ্ঠান প্রধান এর এমপিও স্থগিত/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমপিও বাতিল এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি ) প্রবিধানমালা ২০০৯ এর অনুচ্ছেদ ৩৮ অনুসারে কমিটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯-০৮-২০২৫
মোঃ আব্দুল মান্নান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার/ইবতেদায়ী প্রধান/ ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণ
সকল এমপিওভুক্ত মাদ্রাসা।।

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭০/১ (৪)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ।
৪। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.০৪

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ / ১৪ জানুয়ারি ২০২৫

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ, হেনস্তা ও বেতন ভাতা প্রসংগে।

সূত্র: (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, প্রশাসন ও সংস্থাপন শাখার স্মারক : ৩৭.০০.০০.০০০০.০৬১.০১৮.১৬.২০১৬-১৯৯, তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৪।
(২)-মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বেসরকারি মাধ্যমিক-১ শাখার গত ১৭/১২/২০২৪ তারিখের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ ও হেনস্তা বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে ১ নম্বর সূত্রের মাধ্যমে একটি পত্র/আদেশ জারি করা হয়েছে। সম্প্রতি সকল জেলা প্রশাসক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের সাথে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৭/১২/২০২৪ তারিখে উল্লিখিত বিষয়সহ অন্যান্য বিষয়ে জুম লিংক এর মাধ্যমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তের সাথে উল্লিখিত বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

"জোরপূর্বক পদত্যাগ এর পেছনে যাদের বিরুদ্ধে যৌক্তিক অভিযোগ রয়েছে তাদের বিষয়ে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর মন্ত্রণালয় যথাযথ নির্দেশনা জারী করবে। তদন্ত প্রতিবেদন আইন ও বিধিবিধান অনুযায়ী নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষকের বেতন-ভাতা চালু থাকবে।"

২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তের আলোকে জরুরীভিত্তিতে ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪.০১.২৫
(সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.০৪

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ / ১৪ জানুয়ারি ২০২৫

<u>সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার, .................................. (সকল)
৪। যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫। জেলা প্রশাসক, .................................. (সকল)।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ..................................
৮। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৯। অফিস কপি।

১৪.০১.২৫
(সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী)
উপসচিব

G:\2025\...docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd.

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.০১৮.১৯.২০১৬-১১১

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ / ০৩ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ ও হেনস্থা বন্ধ করা।
সূত্র: ৩৭.০০.০০০০.০৬১.০১৮.১৯.২০১৬-১২০, তারিখ: ২৭ আগস্ট ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন স্থানে বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলের প্রধান বা অন্য আধিকারিকগণকে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে পদত্যাগ/অপসারণের ঘটনা ঘটায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে বিদ্যমান পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট স্থানীয় প্রতিনিধিদের সাথে যোগাযোগ রেখে সার্বিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখার বিষয়টি তদারকি এবং প্রয়োজনে এ বিভাগকে অবহিত করার জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করে পত্র জারি করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এখনও শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ ও নানাভাবে হেনস্থা করার ঘটনা ঘটছে যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এ বিষয়ে মাননীয় শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা জনাব ওয়াহিদউদ্দিন মাহমুদ উদ্বেগ প্রকাশ করেছেন এবং এ ধরনের কার্যক্রম বন্ধের আহ্বান জানিয়েছেন।

২। মাননীয় উপদেষ্টা মহোদয় আরো নির্দেশনা প্রদান করেছেন যে, কোনো শিক্ষক ও কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি ও অপকর্মের অভিযোগ থাকলে তা উপযুক্ত কর্তৃপক্ষ তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। বেআইনী ও অপরাধমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণকারী এবং শৃঙ্খলাভঙ্গকারীদের চিহ্নিত করে প্রচলিত আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের নিজেদের স্বার্থেই নিজ নিজ শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখা প্রয়োজন। এ বিষয়ে শিক্ষার্থীদের এবং সংশ্লিষ্টদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সাইফুর রহমান খান)
উপসচিব
ফোন: ০২-৪৪১২০২২০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

প্রাপক:
জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.০১৮.১৯.২০১৬-১১১

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ / ০৩ সেপ্টেম্বর ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
২। সিনিয়র সচিব জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা;
৫। বিভাগীয় কমিশনার (সকল);
৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল);
৮। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

CamScanner